লেবাননে ইসরায়েলি বিমান হামলায় নিহত ১৬



সংগৃহীত ছবি

লেবাননের বিভিন্ন এলাকায় নতুন করে বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। বুধবার (১০ জুন) সংঘটিত এসব হামলায় অন্তত ১৬ জন নিহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির জননিরাপত্তা ও স্বাস্থ্য মন্ত্রণালয়।

সরকারি তথ্য অনুযায়ী, দক্ষিণ লেবাননের উপকূলীয় শহর টায়ার ও আশপাশের এলাকাকে লক্ষ্য করে দফায় দফায় হামলা চালানো হয়। এতে বেশ কয়েকটি স্থাপনা ক্ষতিগ্রস্ত হয় এবং হতাহতের ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রের দাবি, হামলায় বেসামরিক স্থাপনাও ক্ষতিগ্রস্ত হয়েছে। টায়ার শহরে চালানো এক হামলায় অন্তত তিনজন নিহত এবং আরও কয়েকজন আহত হয়েছেন বলে জানা গেছে।

এ ছাড়া টায়ারের পূর্বাঞ্চল ও দাইর দেব্বা গ্রামসহ কয়েকটি এলাকায় পৃথক হামলায় নারী ও শিশুসহ আরও অন্তত নয়জনের মৃত্যুর খবর পাওয়া গেছে। উদ্ধারকর্মীরা জানিয়েছেন, ধ্বংসস্তূপের নিচে আরও মানুষ আটকা পড়ে থাকতে পারেন।

মার্চ মাসে হিজবুল্লাহ ও ইসরায়েলের মধ্যে নতুন করে সংঘাত শুরুর পর থেকে লেবাননে প্রাণহানির সংখ্যা কয়েক হাজারে পৌঁছেছে। দেশটির বিভিন্ন অঞ্চলে এখনো হামলা ও পাল্টা হামলার ঘটনা অব্যাহত রয়েছে।